অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

এবিএসএস হাই টেক সোয়েটার লিমিটেড

একর্ড আইডিঃ ১২৪০৭

ঠিকানাঃ কালামেশ্বর, বোর্ড বাজার, গাজীপুর।

অন্যান্য ফ্যাক্টরিঃ নেই।

ACCORD
on Fire and Building Safety in Bangladesh

পরিদর্শকঃ নুসরাত হোসেন তৃষা ও রাজু আহমেদ।

তারিখঃ ১০ মে ,২০১৬

অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

ফ্যাক্টরি নামঃ এবিএসএস হাই টেক সোয়েটার লিমিটেড

সারসংক্ষেপ

১০.০৫.২০১৬ তারিখে একর্ড পরিদর্শক দল এবিএসএস হাই টেক সোয়েটার লিমিটেড এর অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করে। এই প্রতিবেদনে পরিদর্শনকালীন সময়ের গুরুত্বপূর্ণ ত্রুটিসমূহ চিহ্নিত করা হয়েছে।

গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়গুলো চিহ্নিত করে এর ভিত্তিতে একর্ড দ্বারা নির্ধারিত মান অনুযায়ী পর্যবেক্ষণগুলো সমাধানের সুপারিশ করাই ছিল এই পরিদর্শনের উদ্দেশ্য। এই প্রাথমিক পরিদর্শনটি মূলতঃ পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়সমূহ চিহ্নিতকরণে সীমাবদ্ধ ছিল।এই পরিদর্শনে ছোটখাটো সমস্যাগুলোকে চিহ্নিত করা হয়নি, যা পরবর্তী ফলো-আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়া হয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।

পর্যবেক্ষণ ও সুপারিশসমূহঃ
পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়াহয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।প্রতিটি সমস্যা সমাধানের জন্য ফ্যাক্টরি কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করবে। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময়সীমা এবং নকশা বা নির্মাণ সংক্রান্ত জটিলতার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সময়সীমা অনুমোদনের জন্য একর্ডের কাছে জমা দিতে হবে।

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
১	অগ্নি সহনশীল নির্মাণ	ফ্যাক্টরির দক্ষিণ পূর্ব দিকের প্রেয়ার রুমে যাওয়ার সিঁড়ি থেকে জেনারেটর/ ট্রান্সফর্মার রুম অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়	জেনারেটর/ট্রান্সফর্মার রুম পরস্পর থেকে অন্তত ২ ঘণ্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী(দেয়াল,ছাদ, মেঝে ইত্যাদি) দ্বারা পৃথক করুন। প্রয়োজনীয় অগ্নি পৃথকীকরণের জন্য সকল খোলা জায়গা(দরজা, জানালা ইত্যাদি) এবং ছিদ্র ও গর্তসমূহ সিল করুন এবং ১.৫ ঘন্টা স্থায়ী অগ্নি সহনশীল দ্রব্য ব্যবহার করুন।সকল নির্গমন ব্যবস্থা যেন ভবনের বাইরে নিরাপদ স্থানে উন্মুক্ত হয়। অথবা, প্রেয়ার রুম একটি নিরাপদ জায়গায় স্থানান্তর করুন।	৩ মাস	

ACCORD
on Fire and Building Safety in Bangladesh

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
২	অগ্নি সহনশীল নির্মাণ	চলমান কাজে ব্যবহৃত দাহ্য পদার্থের মজুদের জায়গা অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা আশপাশের জায়গা থেকে পৃথক করা নয়	মজুদের জন্য নিম্নোক্ত উপায়ে পৃথক জায়গা নির্দিষ্ট করে দিতে হবেঃ - সর্বোচ্চ উচ্চতা হবে ২.৪ মিটার ও সর্বোচ্চ ক্ষেত্রফল ২৩ বর্গমিটার (২৫০ বর্গফুট)। অন্যান্য সকল স্থান ও অরক্ষিত দাহ্য পদার্থ মজুদের স্থানের মাঝে ন্যূনতম ৩ মিটার (১০ ফিট) ফাঁকা জায়গা থাকতে হবে।	৩ মাস	
৩	অগ্নি সহনশীল নির্মাণ	দাহ্য পদার্থের গুদামঘর (ইয়ার্ন স্টোর) অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা আশপাশের জায়গা (উইন্ডিং সেকশন, অফিস) থেকে পৃথক করা নয়	শুধুমাত্র মজুদের জন্য আলাদা ঘরের ব্যবস্থা করতে হবে এই ঘরগুলোকে অবশ্যই ন্যূনতম ১ ঘন্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দিয়ে পৃথক করতে হবে।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৪	বহির্গমন পথ	ভবনের নির্গমন পথে , নির্গমন সিঁড়িতে , বহির্গমনের পথে ও ভবনের বাইরে উন্মুক্ত হওয়ার মুখে কলাপসিবল গেট/ স্লাইডিং দরজা আছে।	ভবন থেকে উন্মুক্ত স্থানে যাওয়ার পথে সকল গেট/ স্লাইডিং দরজা পরিবর্তন করে পাশে কবজা দেয়া বা সাইড হিঞ্জড, সুইংগিং দরজা (যা দু'পাশে খোলে) স্থাপন করুন। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ অনুযায়ী বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	১ মাস	
৫	বহির্গমন পথ	ভবনের বহির্গমনের পথে দরজা বা গেটে তালার ব্যবস্থা আছে।	১। বহির্গমনের সকল দরজা/ গেট থেকে তালার ব্যবস্থা সরিয়ে ফেলতে হবে। ২। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ ও একর্ড স্ট্যান্ডার্ড এর ৬.৮.২ ধারা অনুযায়ী বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	অবিলম্বে	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৬	বহির্গমন পথ	ভবনে যথোপযুক্ত স্থানে ব্যবহারকারীর সংখ্যা উল্লেখকারী চিহ্ন বা সাইন অনুপস্থিত।	ভবনে যথোপযুক্ত স্থানে ব্যবহারকারীর সংখ্যা উল্লেখকারী চিহ্ন বা সাইনের ব্যবস্থা করুন।	১ মাস	
৭	ফায়ার এলার্ম ব্যবস্থা	ফায়ার এলার্ম এনএফপিএ লিস্টে নেই। গ্রহণযোগ্য মান অনুযায়ী সংকেত দিতে ও সতর্ক করতে এটি ব্যর্থ।	ফায়ার এলার্মটি পরিবর্তন করে এনএফপিএ ৭২ অনুযায়ী লিস্টে আছে এমন একটি নতুন এলার্ম এর ব্যবস্থা করুন যা যেকোন জায়গা থেকে সহজে পরিচালনা করা যায়।	৪ মাসের মাঝে নকশা প্রণয়ন, ৯ মাসের মাঝে বাস্তবায়ন।	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৮	ফায়ার এলার্ম ব্যবস্থা	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্মের পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করা হয়নি।	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্ম ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস	
৯	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ১০ এ বর্ণিত মান অনুযায়ী এক্সটিংগুইশার এর পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ হয়নি।	এনএফপিএ ১০ ও একর্ড মান অনুযায়ী এক্সটিংগুইশার গুলো পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
১০	জরুরি আলোক ব্যবস্থা	বহির্গমন পথ পর্যন্ত পৌঁছানোর রাস্তা আলোকিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক বাতি পাওয়া যায়নি।	প্রতি ফ্লোরে জরুরি বৈদ্যুতিক বাতি পরীক্ষা করে বহির্গমন পথ আলোকিত করার জন্য প্রয়োজনীয় বাতি ও অন্যান্য সরঞ্জামাদির ব্যবস্থা করুন। প্রতি ফ্লোরে নির্গমন সিঁড়িতে ও নির্গমন পথে ১০ লাক্স এবং নির্গমন পথ ও সিঁড়ি পর্যন্ত পৌঁছানোর রাস্তায় ন্যূনতম ২.৫ লাক্স আলোর ব্যবস্থা করতে হবে।	৩ মাস	
১১	পরিদর্শন, পরীক্ষণ ও রক্ষণাবেক্ষণ	একর্ডের মান অনুযায়ী এক্সিট সাইন ও জরুরি বৈদ্যুতিক বাতির পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ এর কোন রেকর্ড পাওয়া যায়নি।	একর্ডের মান অনুযায়ী এক্সিট সাইন ও জরুরি বৈদ্যুতিক বাতির ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস	

ACCORD
on Fire and Building Safety in Bangladesh